স্বাগতম নীতি (WELCOME POLICY) কি?

স্বাগতম নীতি নিম্ন-আয়ের মানুষদের আর্থিক সহায়তা প্রদান করে যাতে করে তারা সিটি অব টরন্টো-এর যে কোনো কমিউনিটি সেন্টারে চিত্তবিনোদন কর্মসূচিগুলোতে অংশ নিতে পারে। যোগ্যতা-সম্পন্ন পরিবার এবং ব্যক্তিগণ বাৎসরিক জমাকৃত অর্থ পায় যা তারা চিত্তবিনোদন কর্মসূচিগুলোতে নিবন্ধন করার জন্য ব্যবহার করতে পারে।

স্বাগতম নীতি-র জন্য বাৎসরিক জমাকৃত অর্থের পরিমাণ কত?

শিশু ও যুবরা (০ থেকে ২৪ বছর বয়স পর্যন্ত) ৪৯৪ ডলার পাওয়ার জন্য যোগ্য। বড়রা (২৫ বছর বা তার বেশি বয়সী) ২৩০ ডলার পাওয়ার জন্য যোগ্য।

জমাকৃত অর্থ অনুমোদনের দিন থেকে ১২ মাস পর্যন্ত বৈধ থাকে এবং যে কোন চিত্তবিনোদন কর্মসূচির জন্য এই অর্থ ব্যবহার করা যেতে পারে। শরৎ, শীত, বসন্ত ও গ্রীষ্মকালীন সকল ঋতুর জন্য কর্মসূচি পরিকল্পনা করে রাখুন।

আমি স্বাগতম নীতিটির জন্য কিভাবে আবেদন করতে পারি?

আপনি সামাজিক সহায়তা(social assistance) গ্রহণ করলে এবং টরন্টোতে বাস করলে, এবং পূর্ব-অনুমোদিত হলে এবং আপনার জমাকৃত অর্থ প্রতি বছর নবায়ন করা হলে, আপনার আবেদন পত্র পূরণ করার **প্রয়োজন নাই**। এ ব্যাপারে আপনার সহায়তাকারী কর্মীর (কেইস ওয়ার্কার) সাথে কথা বলুন।

আপনি সামাজিক সহায়তা (social assistance) গ্রহণ না করলে, আপনাকে প্রতি বছর একটি আবেদনপত্র **অবশ্যই পূরণ করতে হবে**। আবেদন করার জন্য আপনার অবশ্যই যেসব যোগ্যতা থাকতে হবে:

- ১৮ বছর বা তার বেশি বয়সী হতে হবে
- টরন্টোতে বাস করতে হবে
- পরিবারের কর-পূর্ব আয় স্ট্যাটিসটিক্স কানাডা-এর প্রান্তিক নিম্ন-আয় (স্ট্যাটিসটিকস কানাডা লো ইনকাম কাট অফ) যা toronto.ca/wp-এ পাওয়া যায়, তার থেকে কম হতে হবে

আবেদন পত্র পাওয়ার তিনটি উপায় আছে:

- আপনাকে ডাকযোগে আবেদন পত্র প্রেরণ করার জন্য স্বাগতম নীতি আবেদন পত্র লাইন-এ 416-338-2000 (TTY 416-338-3195) নম্বরে ফোন করুন
- যে কোন কমিউনিটি সেন্টার থেকে আবেদন পত্র সংগ্রহ করুন
- toronto.ca/wp থেকে আবেদন পত্র ডাউনলোড করুন

আমি কিভাবে আবেদন পত্র দাখিল করব?

আবেদন পত্রের সকল অংশ পূরণ করা নিশ্চিত করুন এবং সকল সহায়ক কাগজপত্রের অনুলিপিগুলো (মুলকপি পাঠাবেন না) পাঠিয়ে দিন। গ্রহণযোগ্য সহায়ক কাগজপত্র-সংক্রান্ত তালিকার জন্য, অনুগ্রহ করে toronto.ca/wp-এ দেখুন বা 416-338-2000 (TTY 416-338-3195) নম্বরে ফোন করুন।

আবেদনপত্রটি স্বাক্ষর করুন, সকল সহায়ক কাগজপত্র সংযুক্ত করুন এবং এটা পাঠানোর জন্য নিচের যে কোন একটি পদ্ধতি বেছে নিন:

- o City of Toronto, Welcome Policy Application, 55 John St. – Mailroom, Toronto, Ontario M5V 3C6 বরাবর ডাকযোগে পাঠান।
- o আপনার পূরণকৃত আবেদন পত্রটি যে কোনো টরন্টো এমপ্লোয়মেন্ট অ্যান্ড সোশ্যাল সার্ভিসেস-এর কার্যালয়ে বা সিভিক সেন্টারে এসে দিয়ে যান।
- o 416-338-5046 নম্বরে ফ্যাক্স করুন (অনুগ্রহ করে লক্ষ্য করুন যে ফ্যাক্স তথ্য পাঠানোর জন্য নিরাপদ পদ্ধতি নয়)।

আমাকে অনুমোদন প্রদান করা হয়েছে কিনা সেটা কিভাবে জানব?

একবার আপনার সম্পন্নকৃত আবেদন পত্র ও সমর্থনকারী কাগজপত্রগুলো মূল্যায়ন করা হয়ে গেলে, আপনি একটি চিঠি পাবেন যাতে আপনাকে নিচের বিষয় সম্পর্কে জানানো হবে:

- o আপনাকে অনুমোদন প্রদান করা হয়েছে বা
- o আরও তথ্য প্রদান করতে হবে
- o আপনাকে অনুমোদন প্রদান করা হয় নাই এবং কেন হয় নাই তার কারণ

- যেদিন আপনার আবেদন পত্র অনুমোদিত হবে সেদিন আপনার বাৎসরিক জমাকৃত অর্থ আপনার হিসাবে যোগ করা হবে

কর্মসূচিগুলোর জন্য নিবন্ধন

চিত্তবিনোদন কর্মসূচিগুলোর জন্য নিবন্ধন করার তারিখগুলো সেপ্টেম্বর, ডিসেম্বর, মার্চ ও জুনে। আপনার এলাকায় নিবন্ধন শুরু করার সময়সূচি কখন নির্ধারণ করা হয়েছে জানতে toronto.ca/torontofun-এ দেখুন বা 311 নম্বরে ফোন করুন।

নিবন্ধন করা ১, ২, ৩ এর মতই সহজ!

১ম ধাপ: **পরিবার ও গ্রাহক নম্বর প্রাপ্তি**

চিত্তবিনোদন কর্মসূচিগুলোর জন্য তালিকাভুক্ত হতে আপনার পরিবারের প্রত্যেক সদস্যের জন্য একটি পরিবার নম্বর ও গ্রাহক নম্বরের প্রয়োজন হবে। স্বাগতম নীতি-এর জন্য আপনাকে অনুমোদন করা হয়েছে সম্পর্কিত যে অনুমোদন পত্রটি পেয়েছেন তার মধ্যে এই তথ্যটি থাকবে।

২য় ধাপ: **কর্মসূচি নির্বাচন করুন**

আপনি যে সকল কর্মসূচিগুলোতে নিবন্ধন করতে চান এবং কখন আপনার এলাকায় নিবন্ধন করা শুরু হবে, সে সম্পর্কে জানতে এবং সেগুলো নির্বাচন করতে toronto.ca/torontofun-এ অনলাইনে বা সিটি হল, সিভিক সেন্টার, কমিউনিটি সেন্টার এবং লাইব্রেরিসমূহে পাওয়া ফান গাইড-এর কর্মসূচি-সংক্রান্ত তালিকায় দেখুন।

৩য় ধাপ: **সময়মত নিবন্ধন করুন**

অনেক কর্মসূচির আসনগুলো দ্রুত পূরণ হয়ে যায়।
আপনার পরিবার ও গ্রাহক নম্বর এবং কর্মসূচির নির্বাচনগুলো প্রস্তুত আছে কিনা নিশ্চিত করুন।

নিবন্ধন করার চারটি পদ্ধতি আছে:

- অনলাইন (ইন্টারনেট): toronto.ca/torontofun-এ দেখুন। কর্মসূচিগুলোর জন্য তালিকাভুক্ত হতে অনলাইনে নিবন্ধন করা হল দ্রুততম ও সবচেয়ে সহজ পদ্ধতি।
- ফোনের মাধ্যমে: 416-338-0000 নম্বরে টাচ টোন রেজিস্ট্রেশন (টিটিআর)
- অপারেটরের সহায়তার মাধ্যমে: গ্রাহক সেবা প্রতিনিধির মাধ্যমে নিবন্ধন করাতে 416-338-4386 নম্বরে ফোন করুন
- ব্যক্তিগতভাবে: নির্বাচিত ঠিকানাসমূহে ব্যক্তিগতভাবে নিবন্ধন করুন। এ সকল ঠিকানা-সম্বলিত তালিকার জন্য toronto.ca/parks/registration-এ দেখুন, 311 নম্বরে ফোন করুন বা আপনার স্থানীয় কমিউনিটি সেন্টারের কর্মীদের সাথে কথা বলুন।

আপনার স্বাগতম নীতি হতে সর্বাধিক সুবিধা লাভ করার ক্ষেত্রে পরামর্শ

- পরিবারগুলোর নিজস্ব চিত্তবিনোদন চাহিদাসমূহ নির্ধারণ করায় ও প্রদত্ত ভর্তুকি সঠিকভাবে কিভাবে ব্যবহার করা যায় সেই ক্ষেত্রে নমনীয়তা রয়েছে। মনে রাখার জন্য গুরুত্বপূর্ণ বিষয় হল **বাৎসরিক ভর্তুকির পরিমাণ অবশ্যই পুরো ১২ মাস চলতে হবে।**
- কর্মসূচিগুলো উপভোগ করুন, তবে আপনি যে সকল কর্মসূচির জন্য নিবন্ধন করেছেন সেগুলোতে অংশ নিতে না পারলে, সিটি অব টরন্টোকে যত তাড়াতাড়ি সম্ভব জানিয়ে দিন। কর্মসূচিগুলো জনপ্রিয় এবং অনেকগুলোর অপেক্ষমাণ তালিকা রয়েছে। আপনি কর্মসূচিতে অংশ নিতে না পারলে, অনুগ্রহ করে আপনার কমিউনিটি সেন্টারে বা 416-338-4386 নম্বরে ফোন করুন যাতে করে আপনার স্থানটি অন্য আরেকজনকে প্রদান করা যায়। জমাকৃত অর্থ আপনার স্বাগতম নীতি-এর হিসাবের খাতায় ফেরত দেওয়া হবে।

আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে আপনার স্থানীয় কমিউনিটি সেন্টারের কর্মীদের সাথে কথা বলুন।